

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং-০১

তারিখ : ০৫ মার্চ, ২০২০
২১ ফাল্গুন, ১৪২৬

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) প্রোভাইডার/ পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (PSP)/ পেমেন্ট সিস্টেম অপারেটর (PSO)

প্রিয় মহোদয়,

পরিশোধ সেবাদানকারী ও পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারীদের ন্যায় অননুমোদিত
সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহকে ব্যাংকিং সেবা প্রদানে বিরত থাকা প্রসঙ্গে।


বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৭(এ)ই ধারা অনুসারে দেশের অভ্যন্তরে নিরাপদ পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থার অবকাঠামো গঠন, বিস্তার ও নিয়ন্ত্রণের দায়িত্ব বাংলাদেশ ব্যাংকের উপর ন্যস্ত। বাংলাদেশ ব্যাংক অর্ডারের উক্ত ধারার উদ্দেশ্য পূরণকল্পে প্রণীত বাংলাদেশ পেমেন্ট এন্ড সেটেলমেন্ট সিস্টেমস রেগুলেশন্স, ২০১৪ এর আওতায় বাংলাদেশ ব্যাংক পরিশোধ সেবাদানকারী (MFS ও PSP) ও পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী (PSO) হিসেবে কর্মকান্ড পরিচালনার জন্য ব্যাংক ও অব্যাক প্রতিষ্ঠানকে অনুমোদন/লাইসেন্স প্রদান করে থাকে, যারা বাংলাদেশ ব্যাংকের প্রত্যক্ষ তদারকি ও নিয়ন্ত্রণাধীনে জনসাধারণকে পরিশোধ সেবা প্রদান করে।

পরিলক্ষিত হচ্ছে যে, কতিপয় প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স গ্রহণ না করেই PSP ও PSO এর ন্যায় কার্যক্রম চালাচ্ছে, যা আইনসিদ্ধ নয়। অননুমোদিত প্রতিষ্ঠানসমূহের এরূপ কার্যক্রম কোন কারণে বন্ধ হলে কিংবা তাদের গ্রাহকগণ কোনভাবে প্রতারিত বা ক্ষতিগ্রস্ত হলে এতদ্বিষয়ক বৈধ কার্যক্রমের উপর গ্রাহকদের আস্থা নষ্ট হবে। এছাড়া এ ধরনের অননুমোদিত প্রতিষ্ঠানসমূহ ইলেকট্রনিক পদ্ধতিতে কৃত্রিম অর্থ সৃষ্টি (money creation) করতঃ পণ্য/সেবা ক্রয় বিক্রয়ের মাধ্যমে মুদ্রা ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টিসহ সামগ্রিক অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলতে পারে। বর্ণিত প্রেক্ষাপটে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে :

- (১) বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে মোবাইল/ইলেকট্রনিক ওয়ালেট, পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী বা অন্য কোন পরিশোধ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পক্ষে কাস্টডিয়ান একাউন্ট বা ট্রাস্ট কাম সেটেলমেন্ট একাউন্ট বা অন্য কোনরূপ ব্যাংক একাউন্ট খোলা ও এতদসংক্রান্ত লেনদেন পরিচালনা করা বা অন্য কোন ব্যাংকিং সেবা প্রদান হতে বিরত থাকা;
- (২) ক্রমিক নং (১) এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহের পক্ষে পেমেন্ট গেটওয়ে বা মার্চেন্ট এগ্রিগেশন সেবা প্রদান করা হতে বিরত থাকা।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(ঙ) ধারার অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশুদ্ধ,



(মোঃ মেজবাউল হক)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০১৭৪